মাননীয়

দাগনভূঁঞা পারিবারিক জজ আদালত, ফেনী।

পদাধিকারবলে দাগনভূঁঞা সিনিয়র সহকারী জজ আদালত,ফেনী।

জেলা- ফেনী।

পারিবারিক মামলা নং- /২০১৭ ইং

**<u>নাবালিকার অভিভাবক নিযুক্তির প্রার্থনা।</u>**

আবদুল গফুর পিং- মৃত আবদুর রশিদ, সাং- জয়নারায়ণপুর, পোঃ রাজাপুর বাজার, থানা- দাগনভূঁঞা ,জেলা- ফেনী।

......... বাদী

**<u>বনাম</u>**

মোহছেনা আক্তার মায়া, জং- আবদুল গফুর, সাং- জয়নারায়ণপুর, পোঃ- রাজাপুর বাজার, উপজিলা- দাগনভূঁঞা, জেলা- ফেনী।

..... বিবাদী

নিবেদন এই,

১। বাদীর কন্যা ইসরাত জাহান এ্যানি বিগত ২/৪/২০০৪ইং তারিখে জন্মগ্রহণ করেন। বর্তমানে ফেনীর শাহিন একাডেমীতে নবম শ্রেনীর ছাত্রী বটে। বাদী তাহার উক্ত নাবালিকা কন্যাকে এবং সাবালিকা কন্যা শারমিন আক্তার, সাহিদা ইয়াছমিন, ও জান্নাতুল নাঈমকে এবং বাদীর স্ত্রী বিবাদীনি মোহছেনা আক্তার কে বিগত ২০/১/২০১৬ইং তারিখে রেজিষ্ট্রিকৃত ৩৮১নং হেবা ঘোষনা দলিলমূলে ১৪ ডিং ভূমি দান করিয়াছেন। নাবালিকা কন্যা ইসরাত জাহান এ্যানি উক্ত দানকৃত ১৪ ডিং ভূমি আঃ ২.৮০ ভূমি প্রাপ্ত হইয়াছে। উক্ত হেবা ঘোষনা দলিলের ভূমি গ্রহীতাগনকে পরিমাণ নিদ্দিষ্ট করে না দেওয়ায় সকলে সমান অংশ ভাগ পাইবে। এখানে ফরায়েজ প্রযোজ্য হইবে না। বাদীর কন্যা নাবালিকা বিধায় নাবালিকার সম্পত্তি বাদীর দখলে বিধায় নাবালিকা ইসরাত জাহান এ্যানির লিখা পড়া ভরণ পোষনের খরচাদির জন্য তাহার মালিকী উক্ত ভুমি বাদী পিতা হিসাবে উক্ত

**<u>চলমান পাতা-০২</u>**



নাবালিকার (Natural Guardian) স্বাভাবিক অভিভাবক হওয়ায় উক্ত সম্পত্তি বিক্রী একান্ত আবশ্যক। অন্যথায় বাদীপক্ষে তাহার জন্য খরচাদি বহন করা সম্ভব নহে।

২। বিবাদীনি বাদীর স্ত্রী এবং নাবালিকার মাতা বটে। বাদী নাবালিকার পিতা হিসাবে উক্ত ভুমি বিক্রয় করে নাবালিকার জন্য ব্যয় করিবে। বাদী নাবালিকার

সম্পত্তি বিক্রয়ের টাকা অপচয় করিবেনা এবং নাবালিকার ক্ষতি হয় এমন কোন কাজ করিবে না। নাবালিকার উক্ত সম্পত্তি বিক্রয়ের নিমিত্ত¡ বিগত ৭/১০/২০১৮ইং তারিখ হইতে উহার কারণ উদ্ভব হইয়াছে।

৩। বাদী তাহার নাবালিকা কন্যা উক্ত সম্পত্তি বিক্রয়ের অনুমতি প্রার্থনা করায় মং ৬০/- টাকার কোর্ট ফি যুক্তে অত্র প্রার্থনা আনয়ন করিলেক।

অতএব, বাদী তাহার নাবালিকা কন্যার মালিকী নিম্ম তপছিল বর্নিত মোঃ ২.৮০ ডিং সম্পত্তির বাবতে অভিভাবক নিযুক্তির আদেশ দানে বাধিত করার মর্জি হয়।

**<u>তপছিল নাবালিকা মালিকী বিক্রয়ের নিমিত্তে সম্পত্তির পরিচয়</u>**

১। সি,এস/এস,এ ৭১৮ বি,এস ৯৪১ দাগে ৪১ শতাংশ আন্দরে ১০ শতাংশ এর আন্দরে ০২ শতাংশ।

২। সি,এস/এস,এ ৭০৪, বি,এস ৯৩০ দাগে ১৩ শতাংশ আন্দরে ০৬ শতাংশ এর আন্দরে ৩.২৫ শতাংশ হেবাকৃত।

৩। সি,এস/এস,এ ৭০৫, বি,এস ৯২৮ দাগ ভিটি ১২ শতাংশ আন্দরে ০৬ শতাংশ এর আন্দরে ০৩ শতাংশ হেবাকৃত।

৪। সি,এস/এস,এ ৭০৭, বি,এস ৯৩২ দাগ ভিটি ১৩ শতাংশ আন্দরে ০৬ শতাংশ এর আন্দরে ৩.২৫ শতাংশ হেবাকৃত।

৫। সি,এস/এস,এ বি,এস ৯২৯ দাগ ভিটি ৪ শতাংশ আন্দরে ০১ শতাংশ হেবাকৃত।

৬। সি,এস/এস,এ ৭১৫,বি,এস ৯৩৬ দাগ দোকান ০২ শতাংশ আন্দরে ০.৫০ শতাংশ হেবাকৃত।

**<u>চলমান পাতা-০৩</u>**



৭। সি,এস/এস,এ ৬৯৯, বি,এস ৯২৪ দাগ বাড়ী ০২ শতাংশ আন্দরে ০.৫০ শতাংশ হেবাকৃত।

৮। সি,এস/এস,এ ৭০২, বি,এস ৯২৭ দাগ ভিটি ০৫ শতাংশ আন্দরে ০২ শতাংশ ০.৫০ হেবাকৃত ভূমি হয় যাহা বিগত ২০/১/২০১৬ইং তারিখের রেজিঃ ৩৮১নং হেবা ঘোষনা দলিল হয়।

একুনে ৮ দাগে ( ০২+৩.২৫+০৩+৩.২৫+০১+০.৫০+০.৫০+০.৫০) = ১৪ ডিং ভূমি আন্দরে সাবালিকার সম্পত্তির পরিমাণ - ২.৮০ ডিং ভূমি।

**<u>তপছিল নাবালিকার মালিকী সম্পত্তির পরিচয়</u>**

| নাবালিকা ও তাহার শরিকদের প্রাপ্ত হিস্যা | সম্পর্ক | পরিমান |
|---|---|---|
| ১। মোহছেনা আক্তার মায়া | মাতা | ২.৮ |

| | | |
|---|---|---|
| ২। শারমিন আক্তার | বোন | ২.৮ |
| ৩। সাহিদা ইয়াছমিন (বিপি) | বোন | ২.৮ |
| ৪। জান্নাতুর নাঈম ববি | বোন | ২.৮ |
| ৫। ইসরাত জাহান ন্যানি (নাবালিকা) | বোন | ২.৮ |
| | মোট ভূমি | ১৪ ডিং। |

**সত্যপাঠ**

অত্র আর্জিতে লিখিত যাবতীয় বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। অত্র সত্যতায় শুদ্ধ স্বীকারে নিম্নে আমার নিজ নাম স্বাক্ষর প্রদান করিলাম। ইতি

তাং-